উপজেলা পরিষদ
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।
www.atpara.netrokona.gov.bd

## ডিসেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব নিলুফা ইয়াসমিন নিপা, প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), আটপাড়া, নেত্রকোণা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা।

তারিখ ও সময় : ১৮ ডিসেম্বর ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা।

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), আটপাড়া, নেত্রকোণা উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রশাসক (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), মহোদয় উপজেলা পরিষদের নভেম্বর/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. **প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সকল প্রকার টিকা ও অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক চালু আছে। | গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা |
| ০২. **স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. **কৃষি বিভাগ:** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বোরো আবাদ বৃদ্ধির লক্ষ্যে বোরোর বীজতলার কাজ শুরু হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখতে হবে।<br>খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধা গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. **স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায় জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা। |
| ০৫. **পরিবার পরিকল্পনা বিভাগ:** পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০.১২.২০২৪ খ্রি. তারিখে সকল মাধ্যমিক বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের বার্ষিক পরীক্ষা ফলাফল প্রকাশিত হবে। তিনি আরো জানান যে, UITRCE ভবনে দীর্ঘদিন যাবৎ সুপেয় পানির অভাব রয়েছে। তিনি উক্ত ভবন সংলগ্ন পরিত্যাক্ত জোড়া ওয়াশরুমের সাবমার্সিবল পাম্পের মাধ্যমে পানি সরবরাহের প্রস্তাব করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিব ভাবে চলছে। | ক) প্রতিমাসে ০৫ টি শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করত হবে।<br>খ) UITRCE ভবনের সংলগ্ন পরিত্যাক্ত জোড়া ওয়াশরুমের সাবমার্সিবল পাম্প হতে পানি সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. **শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানান যে, চলমান ওয়াসব্লক ও ভবন তৈরী কাজগুলো ধীর গতিতে হচ্ছে। তিনি আরো জানান যে, ১২.১২.২০২৪ তারিখ হতে ২৮.১২.২০২৪ তারিখ পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়গুলো বন্ধ থাকবে তাই নিরাপত্তার স্বার্থে ইউনিয়নের আনসারের সহযোগীতা প্রয়োজন। তিনি বলেন যে, আগামী ৩০.১২.২০২৪ খ্রি. তারিখ মা সমাবেশের মাধ্যমে ফলাফল ঘোষনা কর হবে। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) বিদ্যালয় খোলার দিন শিক্ষকের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |

| | | |
|---|---|---|
| ০৮. **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৯. **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া সভায় জানান যে,সর্বস্তরে প্রতিবন্ধী ভাতা, বেদে জনগোষ্ঠীদের জন্য ভাতা ও উপবৃত্তি, হিজড়া জনগোষ্ঠীদের জন্য ভাতা ও শিক্ষা উপবৃত্তি এবং অনগ্রসর জনগোষ্ঠীদের জন্য ভাতা ও শিক্ষা উপবৃত্তির অনলাইন আবেদন চলছে। এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা সমাজকল্যাণ কমিটির মাধ্যমে ৬৬ জন অসহায় ও দুস্থ ব্যক্তিদের মাঝে ৯৯ হাজার টাকার আর্থিক সহায়তার অনুদান প্রদান করা হয়। হাসপাতালে সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে একটি খাতে ৮০ জন গরীব রোগীদের মাঝে ৮১ হাজার টাকার ঔষধ বিতরণ করা হয়। এছাড়া তার বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | ক) উপজেলা সমাজসেবা অফিস ঋণ প্রদান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) প্রতিবন্ধীদের তালিকা তৈরি করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১০. **সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | আটপাড়া উপজেলায় কতগুলো সমবায় সমিতি আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারী/২০২৪ সালে জেলা কার্যালয়ে অনুষ্ঠিত বিভিন্ন প্রশিক্ষণ ট্রেডে সার্কুলার সম্পর্কে সকলকে অবগত করেন। তার কার্যালয়ে ঋণ, প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | ক) উপজেলা যুব উন্নয়ন অফিস হতে প্রদত্ত ঋণ কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋন আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, আটপাড়া, নেত্রকোণা |
| ১২. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রম বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋন প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১৩. **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৪. **মহিলা ও শিশু বিষয়ক বিভাগ:** উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) বাল্যবিবাহ প্রতিরোধ প্রতি মাসে প্রত্যেক ইউনয়ন পরিষদে একটি সচেতনামূলক সভা প্রয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থান করত হবে। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. **জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটপাড়া, নেত্রকোনা |
| ১৬. **ইউজিডিপি প্রকল্প (জাইকা):** প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় জানান যে, যে সকল স্কুলে ভেন্ডিং মেশিন ও উচু-নিচু বেঞ্চ পেয়েছে সেসকল স্কুলের প্রধান শিক্ষকদের সাথে মতবিনিময় সভা করা হয়েছে। বিভাগের কার্যক্রম স্বাভাবিক চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) |
| ১৭. **বিদ্যুৎ বিভাগ:** সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | এজিএম আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোনা। |
| ১৮. **খাদ্য বিভাগ:** উপজেলা খাদ্য কর্মকর্তা জানান যে, অত্র দপ্তরে ভিজিডি খাতে চাল উত্তোলন হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোনা। |
| ১৯. **তথ্যআপা প্রকল্প:** তথ্যসেবা কর্মকর্তা জানান যে, তথ্যকেন্দ্র ও মাঠ পর্যায়ে কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। মাঠ পর্যয়ের | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোনা। |

<table>
<tr><td>কার্যক্রমের মধ্যে উঠান বৈঠক করার নির্দেশনা পাওয়া যায়নি।</td><td></td><td></td></tr>
<tr><td>২০. বিবিধ আলোচনা:<br>(ক) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:<br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নম্নি বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত।</td><td>(ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, অফিস সরঞ্জাম মেরামত ও প্রকাশনা বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি।</td></tr>
<tr><td>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত:<br>রাজস্ব তহবিল ২৬ নভেম্বর ২০২৪ থেকে ১৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>বাসাবাড়ি ও অফিস মেরামত</td><td>২,০০,০০০</td></tr>
<tr><td>বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা</td><td>২৫,০০০</td></tr>
<tr><td>আপ্যায়ন ও আনুষজ্ঞিক বিল</td><td>৩৫,০০০</td></tr>
<tr><td>মালী ও সুইপারের মজুরী প্রদান</td><td>৩১,০০০/-</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৩,৪১,০০০/-</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ২৬ নভেম্বর ২০২৪ থেকে ১৮ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৩,৪১,০০০/- (তিন লক্ষ একচল্লিশ হাজার) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td><td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td></tr>
</table>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিলুফা ইয়াসমিন নিপা)
প্রশাসক (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪- ৭৬৪

তারিখ: ০৩ পৌষ ১৪৩১ / ১৮ ডিসেম্বর ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৪. উপজেলা ......................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান ......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৬. জনাব ...............................................................................................

(নিলুফা ইয়াসমিন নিপা)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
আটপাড়া, নেত্রকোণা